



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



সংশোধিত

স্মারক নং- পনি/প্রশ্নব্যাংক-০২/৮১১

তারিখ : ০৭-০৬-২০২৩ খ্রি.

বিষয় : ২০২৩ সালের ৮ম ও ৯ম শ্রেণির অর্ধ-বার্ষিক এবং ১০ম শ্রেণির প্রাক-নির্বাচনি পরীক্ষা আগামী ০৮-০৬-২০২৩ তারিখের সকল পরীক্ষা স্থগিত সংক্রান্ত।

সূত্র : সহকারী পরিচালক (মাধ্যমিক-২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর ০৭-০৬-২০২৩ তারিখের ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩-১১৭৩ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, বাড় সতর্কীকরণ কেন্দ্র কর্তৃক প্রকাশিত “তাপ প্রবাহের সতর্কবার্তা” বিজ্ঞপ্তিতে আগামী ০৫ থেকে ০৬ দিন দেশের উপর দিয়ে চলমান মৃদু, মাঝারি এবং তীব্র তাপ প্রবাহ অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছেন। সে লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা আগামী ০৮-০৬-২০২৩ খ্রি. তারিখ দেশের সকল মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এমতাবস্থায়, ২০২৩ সালের চলমান ৮ম ও ৯ম শ্রেণির অর্ধ-বার্ষিক এবং ১০ম শ্রেণির প্রাক-নির্বাচনি পরীক্ষা আগামী ০৮-০৬-২০২৩ খ্রি. তারিখের সকল পরীক্ষা স্থগিত করা হলো। এ পরীক্ষার পরিবর্তিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

মোবা : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল : controller@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

এ বোর্ডের অন্তর্ভুক্ত সকল নিম্নমাধ্যমিক

ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান